

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.moca.gov.bd](http://www.moca.gov.bd)

২২ শ্রাবণ ২০১৭  
০৬ আগস্ট ২০১৭

স্মারক : ৪৩.০০.০০০০.১১৬.০৩৮.০০২.২০১৬/৩৫২

বিজ্ঞপ্তি

২০১৭-১৮ অর্থবছরে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সাংস্কৃতিক প্রতিষ্ঠান ও আর্থিকভাবে অসচ্ছল সংস্কৃতিসেবীদের অনুদান/ভাতা প্রদানের লক্ষ্যে সাংস্কৃতিক প্রতিষ্ঠান এবং অসচ্ছল সংস্কৃতিসেবীদের নিকট থেকে নিম্নলিখিত নির্দেশাবলী অনুসরণ সাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে।


(ক) সাধারণ নির্দেশনাবলী :

১. অনুদান/ভাতা প্রত্যাশি প্রতিষ্ঠান/সংস্কৃতিসেবী কে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
২. গত ২০১৬-১৭ অর্থবছরে কল্যাণ অনুদান খাত হতে মাসিক কল্যাণ ভাতা প্রাপ্ত অসচ্ছল সংস্কৃতিসেবীদের চলতি অর্থবছরে নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।
৩. আবেদন ফরম বিনামূল্যে সকল জেলা প্রশাসকের কার্যালয়/বাংলাদেশ শিল্পকলা একাডেমীর প্রধান কার্যালয়/সকল জেলা শিল্পকলা একাডেমী এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ([www.moca.gov.bd](http://www.moca.gov.bd)) পাওয়া যাবে। আবেদন ফরমের ফটোকপি গ্রহণযোগ্য।
৪. আবেদন ফরমে নির্ধারিত স্থানে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুপারিশ/প্রত্যয়ন অবশ্যই থাকতে হবে অন্যথায় আবেদন বাতিল বলে গণ্য হবে।
৫. আবেদনকারী প্রতিষ্ঠান/ব্যক্তি এক অর্থবছরে একবার মাত্র আবেদন করতে পারবেন। একাধিক আবেদন প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
৬. আবেদন ফরম যথাযথ ভাবে পূরণ করে আগামী ৩০ সেপ্টেম্বর ২০১৭ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময় নিজ নিজ জেলার জেলা প্রশাসক এবং ঢাকা মহানগরীর ক্ষেত্রে বাংলাদেশ শিল্পকলা একাডেমীর মহাপরিচালক বরাবর ডাকযোগে পৌছাতে হবে।

(খ) অনুদান পাওয়ার ক্ষেত্রে সাংস্কৃতিক প্রতিষ্ঠান/সংস্কৃতিসেবীর যোগ্যতা	
সাংস্কৃতিক প্রতিষ্ঠান	সংস্কৃতিসেবী
<p>(১) আবেদনকারী প্রতিষ্ঠানসমূহকে অবশ্যই প্রগতিশীল এবং মুক্তিযুদ্ধের চেতনা ও আদর্শে বিশ্বাসী হতে হবে। দেশের সুস্থ ও সৃজনশীল সাংস্কৃতিক কর্মকাণ্ডে তাদের সক্রিয় থাকতে হবে।</p> <p>(২) দেশে নিয়মিতভাবে সংগীত, নৃত্য, নাটক, চারুকলা বিষয়ক সাংস্কৃতিক কার্যক্রম পরিচালনা করছে এমন প্রতিষ্ঠান অনুদান পাওয়ার যোগ্য হবে।</p> <p>(৩) বিশেষ বিবেচনায় যাত্রাদল, সার্কাসদল, যাদু প্রতিষ্ঠান, পালাগান, আলোকচিত্র, পুতুলনাচ, আবৃত্তি, গল্পীরা, জারী, কবিগান ইত্যাদি সাংস্কৃতিক প্রতিষ্ঠান এবং লোকসংস্কৃতির অন্যান্য মাধ্যমের প্রতিষ্ঠানসমূহ এর অন্তর্ভুক্ত হবে।</p> <p>(৪) ক্ষুদ্র নৃ গোষ্ঠীর নিজস্ব শিল্প সংস্কৃতির লালন ও বিকাশে সক্রিয় প্রতিষ্ঠান এর অন্তর্ভুক্ত হবে।</p> <p>(৫) সংস্কৃতির ক্ষেত্রে জাতীয় পর্যায়ে সংস্থার সদস্য হলে বিশেষ যোগ্যতা বলে বিবেচিত হবে।</p> <p>(৬) সাংস্কৃতিক প্রতিষ্ঠানের গঠনতন্ত্র এবং সক্রিয় কার্যনির্বাহী কমিটি থাকতে হবে।</p> <p>(৭) সাংস্কৃতিক প্রতিষ্ঠানের নামে একটি নিজস্ব ব্যাংক একাউন্ট থাকতে হবে।</p>	<p>(১) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।</p> <p>(২) আবেদনকারীকে অবশ্যই প্রচলিত কোন শাখার শিল্পী/সাহিত্যিক হতে হবে।</p> <p>(৩) দুস্থ, অসহায়, প্রায় ভূমিহীন, উপার্জনে অক্ষম, অসুস্থ, প্রতিবন্ধী সংস্কৃতিসেবীগণ ভাতা পাওয়ার ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।</p> <p>(৪) শিল্প/সাহিত্যিকর্ম বিকাশে মৌলিক/বিশিষ্ট অবদান রেখেছেন এমন সংস্কৃতিসেবী ভাতা প্রাপ্তির ক্ষেত্রে যোগ্য বলে বিবেচিত হবেন।</p> <p>(৫) সাধারণত ৪০ বছরের কম বয়সী সংস্কৃতিসেবী ভাতা পাওয়ার ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবেন। তবে বিশেষ ক্ষেত্রে (যথা: অতি প্রতিভাবান, দুর্ঘটনাজনিত কারণে ক্ষতিগ্রস্ত, আর্থিকভাবে চরম অসচ্ছল ইত্যাদি) বয়স শিথিলযোগ্য।</p> <p>(৬) আবেদনকারীর বয়সের সত্যতা প্রমাণের জন্য উপযুক্ত প্রমাণপত্রের (জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ) কপি আবেদনের সংগে সংযুক্ত করতে হবে।</p> <p>(৭) আবেদনকারী সংস্কৃতিসেবীর নামে একটি নিজস্ব ব্যাংক একাউন্ট থাকতে হবে।</p>
(গ) আবেদনপত্রের আবশ্যিক সংযুক্তিঃ	
সাংস্কৃতিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে :	
<p>(১) রেজিস্ট্রেশন থাকলে এর সত্যায়িত কপি, (২) গঠনতন্ত্র, (৩) কার্যকরী/কার্যনির্বাহী কমিটির কপি, (৪) আয়-ব্যয়ের বার্ষিক বিবরণী, (৫) গত অর্থবছরে মন্ত্রণালয় হতে অনুদান পেয়ে থাকলে মঞ্জুরী আদেশের কপি এবং (৬) গত বছরে প্রাপ্ত অনুদানের অর্থ ব্যয়ের বিবরণ অডিট রিপোর্টসহ ও আয়োজিত অনুষ্ঠানের আলোকচিত্র/সচিত্র প্রতিবেদন।</p>	
সংস্কৃতিসেবীদের ক্ষেত্রে :	
<p>(১) দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, (২) স্থায়ী ঠিকানার অনুকূলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক নাগরিকত্বের সনদের কপি, (৩) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের কপি এবং (৪) পূর্ববর্তী বছরে ভাতা পেয়ে থাকলে মঞ্জুরী পত্রের কপি।</p>	

বিঃদ্র:

- (১) আবেদন ফরমে আবেদনকারীর ঠিকানার পাশে (ব্যক্তি/প্রতিষ্ঠান প্রধানের) মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- (২) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

  
৬/৮/১৭

জি এম রফিকুল ইসলাম  
উপসচিব (অধি:৭)  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিনামূল্যে বিতরণের জন্য

ছবি

আর্থিকভাবে অস্বচ্ছল সংস্কৃতিসেবী মাসিক কল্যাণ ভাতার আবেদন ফরম

১. পূর্ণ নাম :
২. পিতা, মাতা এবং স্বামী/ স্ত্রীর নাম :
৩. ঠিকানা  
ক. স্থায়ী :
- খ. বর্তমান :
৪. বয়স :
৫. শিক্ষাগত যোগ্যতা :
৬. পেশা :
৭. আবেদনকারীর সাংস্কৃতিক কর্মক্ষেত্র :
৮. আবেদনকারীর সংশ্লিষ্ট ক্ষেত্রে  
উল্লেখযোগ্য অবদানের বিবরণ :
৯. আবেদনকারীর বার্ষিক আয় :
১০. আবেদনকারীর স্থাবর-অস্থাবর  
সম্পত্তির বিবরণ :
১১. আবেদনকারী চাকুরীরত বা  
অবসরপ্রাপ্ত কিনা :
১২. আবেদনকারীর আয়ের উৎস  
ক. চাকুরী :
- খ. ব্যবসা :
- গ. বাড়িভাড়া/ জমি-জমা :
- ঘ. অন্যান্য :

১৩. আবেদনকারীর উপর নির্ভরশীল ব্যক্তিবর্গের নাম/ বয়স/ সম্পর্ক :
১৪. আবেদনকারীকে চেনেন এমন দু'জন বিশিষ্ট ব্যক্তির ( কমপক্ষে একজন সংস্কৃতিসেবী) নাম ও পরিচয় :
১৫. পূর্বে কখনও এ ভাতা মঞ্জুর করা হয়েছে কিনা, হলে কোন সাল হতে এবং কত টাকা হারে, ভাতার পরিমাণ (ভাতা বহির ফটোকপি সংযুক্ত করতে হবে) :
১৭. আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যসমূহ সম্পূর্ণ সত্য এবং এর কোন অংশ ভুল প্রমাণিত হলে সরকার কর্তৃক গৃহীত যে কোন শাস্তিমূলক ব্যবস্থা মেনে নিতে বাধ্য থাকব।

(আবেদনকারীর স্বাক্ষর)

১৮. আমি এই মর্মে প্রত্যয়ন করছি যে, আবেদনকারীকে আমি ব্যক্তিগতভাবে চিনি।

(প্রত্যয়নকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল)

(পরিচালক, বাংলা একাডেমী/ বাংলাদেশ শিল্পকলা একাডেমী/ অতিরিক্ত জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার/ জেলা কালচারাল অফিসার)

জ্ঞাতব্য বিষয়াবলীঃ

১. প্রয়োজনীয় অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাবে।
২. আবেদনকারীর আবেদনের স্বপক্ষে প্রয়োজনীয় তথ্য প্রমাণাদি সংযুক্ত করতে হবে।
৩. মুদ্রণ বা প্রকাশনার জন্য কোন অনুদান দেওয়া হয়না।
৪. এস,এস,সি পাস আবেদনকারীর ক্ষেত্রে সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
৫. বয়স প্রমাণের জন্য অবশ্যই জন্ম সনদের অনুলিপি এস, এস, সি সার্টিফিকেট/ চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ/ মেয়র, পৌরসভা/ ওয়ার্ড কাউন্সিলর, সিটি কর্পোরেশন এবং স্থানীয় সরকারী উচ্চ বিদ্যালয়/ কলেজের প্রধান শিক্ষক/ অধ্যক্ষের নিকট হতে প্রাপ্ত সনদের অনুলিপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। জাতীয় পরিচয়পত্র/ ভোটার আইডি-র (যদি থাকে) অনুলিপি দেয়া যেতে পারে।
৬. ঢাকা মহানগরী এলাকার জন্য কবি/ সাহিত্যিক হলে বাংলা একাডেমী এবং শিল্পী হলে বাংলাদেশ শিল্পকলা একাডেমীর সংশ্লিষ্ট পরিচালকগণ আবেদনকারীর আবেদন প্রত্যয়ন করবেন। ঢাকা মহানগর ব্যতিত অন্যান্য জেলা পর্যায়ে অতিরিক্ত জেলা প্রশাসক/ জেলা কালচারাল অফিসার এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রত্যয়ন করবেন। প্রয়োজনে কমিটি ফেডারেলিভ বডি'র পরামর্শ নিতে পারবে।



সাংস্কৃতিক প্রতিষ্ঠান অনুদানের আবেদন ফরম

বিক্রয়ের জন্য নয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সাংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.moca.gov.bd](http://www.moca.gov.bd)

বিষয় : ২০ - ২০ অর্থবছরে সাংস্কৃতিক প্রতিষ্ঠান অনুদান মঞ্জুরীর জন্য আবেদন।

ক্রমিক নং	বিবরণ	প্রদত্ত তথ্যাদি
১.	(ক) প্রতিষ্ঠানের নাম ও পূর্ণ ঠিকানা (খ) প্রতিষ্ঠার সাল ও তারিখ	(ক) (খ)
২.	প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন নম্বর ও তারিখ (যদি থাকে)	
৩.	প্রতিষ্ঠানের নিজস্ব ঘর/দালান আছে কি না ?	হ্যাঁ/না (সঠিক স্থানে টিক চিহ্ন দিন)
৪.	নিজস্ব ঘর/দালান না থাকলে প্রতিষ্ঠানের কার্যক্রম কোথায় পরিচালিত হয় তার বিবরণ।	
৫.	(ক) প্রতিষ্ঠানের গঠনতন্ত্র (সত্যায়িত ফটোকপি) (খ) প্রতিষ্ঠানের সাংগঠনিক কমিটি বা বোর্ড (সত্যায়িত ফটোকপি)	(ক) (খ)
৬.	প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য (বিস্তারিত বিবরণসহ)	
৭.	সাংগঠনিক কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম ও ঠিকানা (ক) সভাপতি (খ) সাধারণ সম্পাদক	(ক) (খ)
৮.	সরকারী/বেসরকারী/বিদেশী সংস্থা থেকে ইতোপূর্বে কোন আর্থিক অনুদান পেয়ে থাকলে দাতা সংস্থার নাম	
৯.	গত ১ বছরে প্রতিষ্ঠানের কার্যক্রমের বিবরণ : (ক) গত বছরের গৃহীত কার্যক্রম (সচিত্র প্রতিবেদনসহ) (খ) চলতি অর্থবছরে গৃহীত কর্মপরিকল্পনা	(ক) প্রয়োজনে স্বতন্ত্র পাতা যুক্ত করুন। (খ) প্রয়োজনে স্বতন্ত্র পাতা যুক্ত করুন।
১০.	প্রতিষ্ঠানের গত অর্থবছরের আয় ব্যয়ের হিসাব বিবরণ : (ক) আয়ের বিবরণ : (১) নিজস্ব আয় (২) সরকারী সাহায্য (৩) বেসরকারী/অন্যান্য আয়/সদস্য চাঁদা (খ) ব্যয়ের বিবরণ :	(১) (২) (৩) (খ) প্রয়োজনে স্বতন্ত্র পাতা যুক্ত করুন।
১১.	গত অর্থবছরে মন্ত্রণালয় হতে কোন অনুদান পেয়ে থাকলে তার পরিমাণ ও খরচের বিবরণ (প্রমাণকসহ)	



১২.	এলাকার যে কোন একটি শিক্ষা প্রতিষ্ঠানে সাংস্কৃতিক কার্যক্রম পরিচালনার প্রস্তাবসহ বিস্তারিত কার্যক্রম	
১৩.	প্রতিষ্ঠানের সীলমোহর আবেদনের তারিখ.....	আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যসমূহ সত্য এবং এ সম্পর্কে কোন প্রশ্ন উত্থাপিত হলে আমি দায়বদ্ধ থাকব।  স্বাক্ষর (আবেদনকারীর নাম পদবী ও সীল) মোবাইল: .....
১৪.	১. উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রত্যয়ন। ২. জেলা প্রশাসক/জীর মনোনীত প্রতিনিধি (মেট্রোপলিটন এলাকার জন্য) কর্তৃক প্রত্যয়ন ৩. ঢাকা মহানগরীর জন্য মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক প্রত্যয়ন	আমি এই মর্মে প্রত্যয়ন করছি যে, উপর্যুক্ত প্রতিষ্ঠানটির অস্তিত্ব রয়েছে এবং কার্যক্রম সন্তোষজনক ও জনস্বার্থের সহায়ক।  স্বাক্ষর ও সীল মোবাইল : .....
১৫.	স্থানীয় সংসদ সদস্য/জেলা প্রশাসক (মেট্রোপলিটন এলাকার বাহিরে)/উপজেলা পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়রের সুপারিশ	সুপারিশকৃত  স্বাক্ষর ও সীল মোবাইল : .....

### সাধারণ নিয়মাবলী :

- (ক) অনুদান প্রত্যাশি প্রতিষ্ঠানকে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- (খ) আবেদন ফরম বিনামূল্যে সকল জেলা প্রশাসকের কার্যালয়/বাংলাদেশ শিল্পকলা একাডেমির প্রদান কার্যালয়/সকল জেলা শিল্পকলা একাডেমি এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ([www.moca.gov.bd](http://www.moca.gov.bd)) পাওয়া যাবে। আবেদন ফরমের ফটোকপি গ্রহণযোগ্য।
- (গ) আবেদন ফরমে নির্ধারিত স্থানে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুপারিশ/প্রত্যয়ন অবশ্যই থাকতে হবে অন্যথায় আবেদন বাতিল বলে গণ্য হবে।
- (ঘ) আবেদনকারী প্রতিষ্ঠান এক অর্থবছরে একবার মাত্র আবেদন করতে পারবেন। একাধিক আবেদন প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- (ঙ) আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের মধ্যে অফিস চলাকালীন নিজ নিজ জেলার জেলা প্রশাসক এবং ঢাকা মহানগরীর ক্ষেত্রে বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক বরাবর সরাসরি/রেজিস্ট্রি ডাকযোগে পৌঁছাতে হবে।